যুগান্তর

তারিখ ... 04 OCT. 2015...
পৃষ্ঠা ...৩... কলাম....৮......

# বেসরকারি মেডিকেলে ভর্তি ৩১ অক্টোবর

যুগান্তর রিপোর্ট

আগামী ৩১ অক্টোবর থেকে শুরু হচ্ছে বেসরকারি মেডিকেল কলেজে ভর্তি কার্যক্রম। ভর্তির আবেদন ফরম ১৮ থেকে ২৭ অক্টোবর পর্যন্ত বিতরণ করা হবে। ৩০ অক্টোবরের মধ্যে আবেদনপত্র যাচাই-বাছাই সাপেক্ষে ভর্তি তালিকা প্রকাশ করা হবে। ৩১ অক্টোবর থেকে ৩১ ডিসেম্বর পর্যন্ত চলবে ভর্তি প্রক্রিয়া। স্বাস্থ্য অধিদফতর সূত্রে এসব তথ্য জানা গেছে।

স্বাস্থ্য অধিদফতরের পরিচালক অধ্যাপক ডা. এবিএম আবদুল হান্নান যুগান্তরকে বলেন, আগামীকাল থেকে বিভিন্ন জাতীয় দৈনিকে ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করতে সংশ্লিষ্ট কলেজগুলোকে নির্দেশনা দেয়া হয়েছে।

তিনি বলেন, ২৯ সরকারি মেডিকেল কলেজের ভর্তি কার্যক্রম শেষ হচ্ছে ১৭ অক্টোবর। ইতিমধ্যেই সরকারি মেডিকেল কলেজে শতকরা ৯০ ভাগ শিক্ষার্থী ভর্তি হয়ে গেছে। দিনাজপুর ও

ভর্তি : পৃষ্ঠা ৭ : কলাম ৩

## ভর্তি : মেডিকেলে

(৩য় পৃষ্ঠার পর)

সিলেট মেডিকেল কলেজে শতভাগ ভর্তি সম্পন্ন হয়েছে। এছাড়া ঢাকা, স্যার সলিমুল্লাহ ও শহীদ সোহরওয়ার্দী মেডিকেল কলেজে ভর্তি কার্যক্রম দু-একদিনের মধ্যে সম্পন্ন হবে। এরপরই বেসরকারি মেডিকেলে ভর্তি কার্যক্রম শুরু হবে। স্বাস্থ্য অধিদফতর সূত্রে জানা গেছে, ভর্তির ক্ষেত্রে ২০০ নম্বরের মধ্যে ন্যূনতম ১২০ নম্বর পেতে হবে। তবে ভর্তি পরীক্ষায় কমপক্ষে ৪০ নম্বর পাওয়া শিক্ষার্থীরাই ভর্তি হতে পারবে। বর্তমানে দেশের ৬৫টি বেসরকারি মেডিকেল কলেজ এবং ২৩টি ডেন্টাল কলেজ রয়েছে। এসব কলেজে আসন রয়েছে যথাক্রমে ৬ হাজার ও ১২৩৮টি। ১৮ সেপ্টেম্বর স্বাস্থ্য অধিদফতরের অধীনে কেন্দ্রীয়ভাবে মেডিকেল কলেজের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। ভর্তি পরীক্ষায় ৮২ হাজারের বেশি শিক্ষার্থী অংশ নেয়। এর মধ্যে প্রায় ৪৮ হাজার শিক্ষার্থী ভর্তির যোগ্যতা অর্জন করে।